গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী

স্মারক নং-৩২.০১.৬৮৬৩.০০০.১৮.০০৬.২১-২৩০

তারিখ: ২১/০৭/২০২৬ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় নরসিংদী জেলার পলাশ উপজেলার অধীনে স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবায়ন করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, বেতন/ সাকুল্য বেতন | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন) | ০১ জন | ন্যূনতম এস.এস.সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০২। | আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন) | ০২ জন | ন্যূনতম এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |

শর্তাবলী:

০১। প্রার্থীকে আগামী ১০/০৮/২০২৬ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার পলাশ, নরসিংদী বরাবরে লিখিতভাবে অবেদন করতে হবে। আবেদনের ফর্ম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পলাশ, নরসিংদী হতে সংগ্রহ করতে হবে।

০২। সংগীত শিক্ষক/আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বিশেষ অবস্থায় পার্শ্ববর্তী উপজেলার প্রার্থীদের বিবেচনা করা যেতে পারে।

০৩। আগামী ১০/০৮/২০২৬ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩২ এর মধ্যে হতে হবে নিধারিত বয়সসীমার মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

০৫। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।

০৬। চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৭। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।

০৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৯। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

Kobita 21.07.26

(কবিতা ইসলাম)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পলাশ, নরসিংদী।